

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৪৮০

২০/ আহার করা (كتاب الأُطعمة عن رسول الله صلى الله عليه وسلم)

পরিচ্ছেদঃ আটকিয়ে রেখে হত্যা করা পশু আহার করা নিষিদ্ধ

### باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ أَكْلِ الْمَصْبُورَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى، وَغَيْرُهُ، وَاحِدٌ، قَالُوا حَدَّثَنَا أَبُو عَاصِمٍ، عَنْ وَهْبِ أَبِي خَالِدٍ، قَالَ حَدَّثَنِي أُمُّ حَبِيبَةَ بِنْتُ الْعَرِيَّاضِ، وَهُوَ ابْنُ سَارِيَةَ عَنْ أَبِيهَا، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى يَوْمَ خَيْبَرَ عَنْ لُحُومِ كُلِّ ذِي نَابٍ مِنَ السَّبْعِ وَعَنْ كُلِّ ذِي مِخْلَبٍ مِنَ الطَّيْرِ وَعَنْ لُحُومِ الْحُمُرِ الْأَهْلِيَّةِ وَعَنِ الْمُجْتَمَةِ وَعَنِ الْخَلِيسَةِ وَأَنْ تُوطَأَ الْحَبَالَى حَتَّى يَضَعْنَ مَا فِي بُطُونِهِنَّ . قَالَ مُحَمَّدُ بْنُ يَحْيَى سَأَلَ أَبُو عَاصِمٍ عَنِ الْمُجْتَمَةِ قَالَ أَنْ يُنْصَبَ الطَّيْرُ أَوْ الشَّيْءُ فَيُرْمَى . وَسَأَلَ عَنِ الْخَلِيسَةِ فَقَالَ الذِّئْبُ أَوْ السَّبْعُ يُدْرِكُهُ الرَّجُلُ فَيَأْخُذُهُ مِنْهُ فَيَمُوتُ فِي يَدِهِ قَبْلَ أَنْ يُذَكِّيَهَا .

বাংলা

১৪৮০। মুহাম্মদ ইবনু ইয়াহইয়া প্রমুখ (রহঃ) ... ইরবায় ইবনু সারিয়া রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খায়বার যুদ্ধের দিন দাঁতাল হিংস্র প্রাণী, নখর যুক্ত থাবা বিশিষ্ট হিংস্র পাখি, গৃহপালিত গাধা, তীর নিক্ষেপে নিহত আটক প্রাণী (মুজাচ্ছামা)। হিংস্র পশুর মুখ থেকে ছিনিয়ে আনা মৃত প্রাণী, সন্তান ভূমিষ্ট না হওয়া পর্যন্ত গর্ভবতী সদ্য হস্তগত হওয়া দাসীর সঙ্গে সহবাস করা নিষেধ করেছেন।

সহীহ, খালীসা ব্যতীত অন্যগুলি পৃথক পৃথকভাবে সহীহ, সহীহাহ ৪/২৩৮-২৩৯, ১৬৭৩, ২৩৫৮, ২৩৯১, ইরওয়া ২৪৮৮, সহীহ আবু দাউদ ১৮৮৩, ২৫০৭, তিরমিজী হাদিস নম্বরঃ ১৭৭৪ [আল মাদানী প্রকাশনী]

আবু আসিম (রহঃ) কে 'মুজাচ্ছামা' সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল। তিনি বললেন, কোন পাখি বা প্রাণীকে বেধে দাঁড় করিয়ে তীর ছোড়া। 'খালীসা' সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বললেন, তা হল, বাঘ বা অন্য কোন হিংস্র প্রাণীর মুখ থেকে কেউ তার শিকার কেড়ে নিল এবং যাবাহ করা আগেই তার হাতে সেটি মারা গেল।

English

Narrated Umm Habibah bint Al-'Irbad:

From her father: "On the day of Khaibar, the Messenger of Allah (ﷺ) prohibited eating the meat of every predator that has canine teeth, the meat of every bird that has talons, the meat of the domestic donkey, the Mujath-thamah, the Khalisah, and from having relations with a pregnant slave until she gives birth to what is in her womb." Muhammad bin Yahya said: "Abu 'Asim was asked about Mujath-thamah and he said: "To ensnare a bird or something and then shoot it." He was asked about Khalisah, so he said: "(Prey) that a man finds with a wolf or a predator, then he takes it from him but it dies in his hand before it can be slaughtered."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ ইরবায় ইবনু সারিয়াহ্ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=21989>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন